# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 24 June, 2025

বরগুনার বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে একদিনে সর্বোচ্চ ৯৩ জন রোগী ভর্তি হয়েছেন।এর মধ্যে ৮০ জন ভর্তি হয়েছেন বরগুনা জেনারেল হাসপাতালে।জেলার বিভিন্ন উপজেলায় আরও ১৩ জন ভর্তি হয়েছেন, যার ফলে বর্তমানে মোট চিকিৎসাধীন রোগীর সংখ্যা ২৪২ জন।

বরগুনা সিভিল সার্জন অফিস জানায়, এ বছর এখন পর্যন্ত ২ হাজার ৪৯৫ জন ডেঙ্গু রোগী হাসপাতালে চিকিৎসা নিয়েছেন, এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২ হাজার ২৫৩ জন।তবে দুঃখজনকভাবে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন ৬ জন।

উপজেলা ভিত্তিক ভর্তি রোগীর সংখ্যা:

আমতলী: ১ জন

বেতাগী: ২ জন

বামনা: ৬ জন

পাথরঘাটা: ৪ জন

সতর্কবার্তা ও করণীয়:

বরগুনা হাসপাতালের মেডিসিন বিভাগের আবাসিক কর্মকর্তা ডা. নিরুপম দাস বলেন,

“দিন দিন পরিস্থিতি খারাপ হচ্ছে।বৃষ্টি হওয়ায় জমে থাকা পানিতে এডিস মশার লার্ভা তৈরি হচ্ছে।প্রতিরোধে আগে প্রয়োজন সচেতনতা।”

সিভিল সার্জন ডা. আবুল ফাত্তাহ বলেন,

“ডেঙ্গুর প্রকোপ কমাতে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি, মশক নিধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা জরুরি।”

ডেঙ্গু প্রতিরোধে করণীয়:

জমে থাকা পানি পরিষ্কার করুন

ফুলদানি, টব, ডাবের খোল ইত্যাদি উল্টে রাখুন

মশারি ব্যবহার করুন

জ্বর হলে দ্রুত পরীক্ষা করান

ডেঙ্গু জ্বর বরগুনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:18

URL: https://timestodaybd.com/public/national/7758073626